তারিখ 14 APR 2017
পৃষ্ঠা ২০ কলাম ৬

কালের কণ্ঠ

কওমির শিক্ষা সনদের স্বীকৃতি

# প্রজ্ঞাপন জারি আহমদ শফীর নেতৃত্বে কমিটি

নিজস্ব প্রতিবেদক ▷

কওমি মাদরাসার সর্বোচ্চ স্তর দাওরায়ে হাদিসের সনদকে স্নাতকোত্তর ডিগ্রির সমমান দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে গতকাল বৃহস্পতিবার রাতে জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্স (ইসলামিক স্টাডিজ ও আরবি) সমমান প্রদান

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৬

## প্রজ্ঞাপন জারি —

▶▶ শেষ পৃষ্ঠার পর

করা হলো।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রজ্ঞাপনের বিষয়টি নিশ্চিত করেছেন।

প্রজ্ঞাপন অনুযায়ী, দাওরায়ে হাদিসের সনদকে স্নাতকোত্তর ডিগ্রির সমমান দেওয়ার লক্ষ্যে বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের সভাপতি (পদাধিকারবলে) ও হেফাজতে ইসলাম বাংলাদেশের আমির আল্লামা আহমদ শফীর নেতৃত্বে একটি কমিটি গঠন করে দেওয়া হয়েছে।

গত মঙ্গলবার রাতে গণভবনে কওমি মাদরাসাসংশ্লিষ্ট নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এক বৈঠকে এই স্বীকৃতির ঘোষণা দেওয়ার পর এই প্রজ্ঞাপন জারি হলো।

প্রজ্ঞাপনে বলা হয়, কওমি মাদরাসার স্বতন্ত্র বৈশিষ্ট্য বজায় রেখে এবং দারুল উলুম দেওবন্দের মূলনীতিগুলোকে ভিত্তি করে এই সমমান দেওয়া হলো।

কমিটিতে বিভিন্ন মাদরাসা বোর্ডের প্রতিনিধিত্ব থাকলেও বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের (বেফাক) নিরঙ্কুশ আধিপত্য দেওয়া হয়েছে। কমিটিতে চেয়ারম্যান ছাড়াও একমাত্র কো-চেয়ারম্যান এবং পাঁচ সদস্যসহ মোট সাতজন প্রতিনিধি রাখা হয়েছে বেফাক থেকে। এর বাইরে পাঁচটি বোর্ড যেমন—বেফাকুল মাদারিসিল কওমিয়া গওহরডাঙ্গা, আঞ্জুমানে ইত্তেহাদুল মাদারিসিল কওমিয়া চট্টগ্রাম, আযাদ দ্বিনি এদারা বোর্ড সিলেট, তানজিমুল মাদারিসিল জওমিয়া উত্তরবঙ্গ ও জাতীয় দ্বিনি মাদরাসা শিক্ষা বোর্ডের দুজন করে প্রতিনিধি রাখার কথা বলা হয়েছে। এই ১৭ সদস্যের কমিটির বাইরে আরো সর্বোচ্চ ১৫ জন সদস্য কো-অপ্ট করার ক্ষমতা দেওয়া হয়েছে আল্লামা আহমদ শফীকে।

এই কমিটির তত্ত্বাবধানে দাওরায়ে হাদিসের পরীক্ষা অনুষ্ঠিত হবে। দাওরায়ে হাদিসের সিলেবাস প্রণয়ন, পরীক্ষা পদ্ধতি, প্রশ্ন প্রণয়ন, সনদ তৈরিসহ আনুষঙ্গিক কার্যক্রম পরিচালিত হবে। এই কমিটি দলীয় রাজনীতির ঊর্ধ্বে থাকবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।